भारतीय रिज़र्व बैंक
RESERVE BANK OF INDIA
www.rbi.org.in

RBI/2016-17/42
FIDD.GSSD.CO.BC.No.13/09.01.03/2016-17

আগস্ট 25, 2016

চেয়ারম্যান/ প্রাবন্ধিক নির্দেশক
সরকারি ও বেসরকারি ব্যাংক সমূহ

মহাশয়া/ প্রিয় মহাশয়

**দীনদয়াল অন্ত্যোদয় যোজনা - জাতীয় গ্রামীণ জীবিকা মিশন (DAY-NRLM) – আজীবিকা - সুদ সহায়িকা প্রকল্প**

অনুগ্রহ করে জাতীয় গ্রামীণ জীবিকা মিশন (NRLM)-এর অধীনে সুদ সহায়িকা প্রকল্পের উপর আমাদের সার্কুলার FIDD.GSSD.CO.BC.NO. 19/09.01.03/2015-16 দিনাঙ্ক জানুয়ারী 21, 2016 দেখুন।

2. ভারত সরকারের গ্রামীণ বিকাশ মন্ত্রক থেকে প্রাপ্ত, জাতীয় গ্রামীণ জীবিকা মিশন (NRLM)-এর অধীনে সুদ সহায়িকা প্রকল্পে র 2016-17 বর্ষের, পরিবর্ত্তিত নির্দেশিকা সংলগ্নিত আছে সমস্ত সরকারি ও 15টি বেসরকারি ব্যাংকের (তালিকা সংযুক্ত) কর্ম সম্পাদনের জন্য।

আপনাদের বিশ্বস্ত,

(উমা শঙ্কর)
মুখ্য মহা প্রবন্ধক

সংলগ্নক : উপরে বর্ণিত

**মহিলা পরিচালিত ক্ষুদ্র সহায়ক গোষ্ঠী সমূহের জন্য সুদ সহায়িকা প্রকল্প - বর্ষ 2016-17**

I. **সমস্ত বাণিজ্যিক ব্যাংকসমূহের ( শুধুমাত্র সরকারি ব্যাংক,বেসরকারি ব্যাংক এবং আঞ্চলিক গ্রামীণ ব্যাংকসমূহ) এবং 250টি জেলার সমবায় ব্যাংকসমূহের জন্য 2016-17 বর্ষব্যাপী মহিলা পরিচালিত ক্ষুদ্র সহায়ক গোষ্ঠী সমূহের জন্য ব্যাংক ঋণের উপর সুদ সহায়িকা প্রকল্প**

i. মহিলা পরিচালিত সমস্ত ক্ষুদ্র সহায়ক গোষ্ঠী সমূহ Rs.3 লাখ টাকা পর্যন্ত ঋণের জন্য বার্ষিক 7 % হারে সুদ সহায়তা পাওয়ার জন্য যোগ্য বিবেচিত হবে। যে সমস্ত ক্ষুদ্র সহায়ক গোষ্ঠী স্বর্ণ জয়ন্তী গ্রাম স্বরোজগার যোজনা (SGSY) এর অধীনে বিদ্যমান অপরিশোধিত ঋণের উপর মূলধন ভর্তুকির সুবিধা পেয়েছে তারা এই প্রকল্পের অধীনে সুবিধা পাওয়ার জন্য বিবেচিত হবে না।

ii. বাণিজ্যিক ব্যাংক এবং সমবায় ব্যাংক গ্রামাঞ্চলের মহিলা পরিচালিত সমস্ত ক্ষুদ্র সহায়ক গোষ্ঠীগুলিকে 7% সুদে ঋণ প্রদান করবে 250টি জেলায় ( তালিকা সংলগ্নক I –এ দেওয়া হয়েছে)।

iii.সমস্ত বাণিজ্যিক ব্যাংকসমূহ বিভেদযুক্ত গড় সুদের আদায়যোগ্য হার (WAIC যেমন নির্ধারিত হয়েছে আর্থিক পরিষেবা বিভাগ , বিত্তীয় মন্ত্রকের দ্বারা 2016-17 বর্ষের জন্য ) এবং 7% এর অন্তরের সমপরিমাণ আর্থিক সাহায্য পাবে সর্বাধিক 5.5% পর্যন্ত, 2016-17 বর্ষের জন্য ।এই আর্থিক সাহায্য সমস্ত ব্যাংকের ক্ষেত্রে এই শর্তে প্রযোজ্য হবে যে তারা 250টি জেলায় ক্ষুদ্র সহায়ক গোষ্ঠীগুলিকে 7% সুদে ঋণ প্রদান করেছে।

iv. উপরন্তু, ক্ষুদ্র সহায়ক গোষ্ঠীগুলিকে অতিরিক্ত 3% আর্থিক সুদ সাহায্য প্রদান করা হবে, তৎপর ভাবে ঋণ পরিশোধের ক্ষেত্রে। তৎপর ভাবে ঋণ পরিশোধের ক্ষেত্রে, অতিরিক্ত 3% আর্থিক সুদ সাহায্য প্রাপ্তির জন্য , ক্ষুদ্র সহায়ক গোষ্ঠীর অ্যাকাউন্টকে তৎপর ঋণপরিশোধকারী বলে গণ্য করা হবে যদি সেটি ভারতীয় রিজার্ভ ব্যাংক ( আর বি আই) নির্ধারিত নিম্নলিখিত শর্তগুলি পূরণ করে :

a.নগদ ঋণের জন্য সীমা :

i.অপরিশোধিত ঋণের পরিমাণ ঋণ সীমার / ঋণ গ্রহণযোগ্যতার উর্দ্ধে থাকবে না উপর্যুপরি 30 দিনের বেশী সময়ের জন্য।

ii. অ্যাকাউন্ট-এ নিয়মিতভাবে টাকা জমা করা এবং টাকা তোলার নির্দশন থাকতে হবে। **প্রতিমাসে অন্তত একটি প্রোৎ-সাহিত গ্রাহক ঋণের ( customer induced credit) নির্দশন থাকতে হবে।**

iii. **প্রোৎ-সাহিত গ্রাহক ঋণের পরিমাণ** ঐ মাসের দেয় ( সুদবাবদ কেটে নেওয়া) সুদের পরিমাণের সমতুল বা বেশী হতে হবে।

b. মেয়াদী ঋণের জন্য : একটি মেয়াদী ঋণ অ্যাকাউন্ট যার সমস্ত সুদপ্রদান এবং/অথবা মূল ঋণের কিস্তি ঋণ থাকাকালীন সময়ে নির্ধারিত সময়ের 30 দিনের মধ্যে শোধ করা হয়েছে, সেই অ্যাকাউন্টকে তৎপর ভাবে ঋণপরিশোধকারী( prompt payment) অ্যাকাউন্ট হিসাবে গণ্য করা হবে।

এই বিষয়ে তৎপর ভাবে ঋণপরিশোধকারী সংক্রান্ত নির্দেশিকা ভবিষ্যতেও আর বি আই নির্দেশিকা দ্বারা পরিচালিত হতে থাকবে।

বিবরণী জমা দেওয়ার সময়ের (ত্রৈমাসিক ব্যবধানের) তথ্যের ভিত্তিতে সমস্ত তৎপর ভাবে ঋণপরিশোধকারী ক্ষুদ্র সহায়ক গোষ্ঠী অতিরিক্ত 3% আর্থিক সুদ সাহায্য পাওয়ার যোগ্য বিবেচিত হবে। এই 3% আর্থিক সুদ সাহায্যের অর্থ ব্যাংকগুলি উপযুক্ত ক্ষুদ্র সহায়ক গোষ্ঠীর অ্যাকাউন্ট-এ জমা করবে এবং তারপর পরিপূরণ চাইবে।

v. এই প্রকল্পটি শুধুমাত্র গ্রামাঞ্চলের মহিলা পরিচালিত সমস্ত ক্ষুদ্র সহায়ক গোষ্ঠীগুলির মধ্যে সীমাবদ্ধ।

vi. এই প্রকল্পের খরচ দীনদয়াল  অন্ত্যোদয় যোজনা  - জাতীয় গ্রামীণ  জীবিকা মিশন (DAY-NRLM) –এর অধীনে কেন্দ্রীয় বন্টন থেকে বহন করা হবে৷

vii. সমস্ত সরকারি ও বেসরকারি ব্যাংকের জন্য আর্থিক সুদ সাহায্য প্রকল্প লাগু হবে গ্রামীণ বিকাশ মন্ত্রকের (MoRD) নির্বাচিত নোডাল ব্যাংকের মাধ্যমে৷ MoRD-এর নির্দেশ অনুসারে  নোডাল ব্যাংক প্রকল্পটির কার্যকর করবে একটি ওয়েব ভিত্তিক  ব্যবস্থার মাধ্যমে৷ 2016-17 বর্ষের জন্য কানাড়া ব্যাংক MoRD-এর দ্বারা  নোডাল ব্যাংক হিসাবে মনোনীত হয়েছে৷

viii. যে সমস্ত ব্যাংক মূল ব্যাংকিং সমাধান ব্যবস্থার ( কোর ব্যাংকিং সলিউসানস- CBS) মাধ্যমে  কাজ করছে তারা এই প্রকল্পের অধীনে আর্থিক সুদ সহায়তা লাভ করতে পারবে৷

ix. ক্ষুদ্র সহায়ক গোষ্ঠীগুলিকে (SHG) 7% হারে ঋণ প্রদানের উপর আর্থিক সুদ সাহায্য ( নিয়মিত আর্থিক সুদ সাহায্য) লাভ করতে হলে সমস্ত সরকারি ব্যাংককে SHG ঋণ অ্যাকাউন্ট সংক্রান্ত তথ্য নোডাল ব্যাংক এর পোর্টালে  প্রয়োজনীয় নির্দিষ্ট পরিভাষা অনুসারে পূরণ ( আপলোড) করতে হবে৷ সরকারি ব্যাংকগুলিকে 3% হারে অতিরিক্ত আর্থিক সহায়তা  সংক্রান্ত দাবিও একি পোর্টালের মারফত জমা করতে হবে৷ সরকারি ব্যাংকগুলিকে নিয়মিত দাবি (WAIC বা ঋণহার  এবং 7% এর অন্তর) এবং অতিরিক্ত দাবি ( 3% হারে ,তৎপরভাবে ঋণ পরিশোধের ক্ষেত্রে)  অবশ্যই পেশ করতে হবে ত্রৈমাসিক ভিত্তিতে  জুন 30,2016, সেপ্টেম্বর 30,2016, ডিসেম্বর 31,2016 এবং মার্চ 31,2016 দিনাঙ্কের তথ্যের উপর এবং উপরোক্ত  সময়ের পরবর্তী মাসের শেষ সপ্তাহের মধ্যে

x. ক্ষুদ্র সহায়ক গোষ্ঠীগুলিকে (SHG) 7% হারে ঋণ প্রদানের উপর আর্থিক সুদ সাহায্য এবং  3% হারে অতিরিক্ত আর্থিক সহায়তা দাবি  লাভ করতে হলে সমস্ত সরকারি ব্যাংক এবং বেসরকারি ব্যাংককে নোডাল ব্যাংকের কাছে ত্রৈমাসিক ভিত্তিতে দাবিপত্র জমা করতে হবে৷ ব্যাংকের জমা করা দাবিপত্রের সঙ্গে দাবিকৃত আর্থিক সহায়তাকে সত্য এবং নির্ভুল ঘোষণা করবে এমন একটি দাবি প্রমাণপত্র ( মূল শংসা পত্র) ( সংলগ্নক –III থেকে V)আবশ্যিকভাবে  জমা করতে  হবে৷ MoRD-এর দ্বারা মার্চ 2017 সময়ে শেষ হওয়া কোন ব্যাংকের ত্রৈমাসিক  দাবির মূল্য প্রদান করা হবে ঐ ব্যাংক থেকে প্রাপ্ত 16-17 অর্থবর্ষ সম্পর্কিত সম্পূর্ণ অর্থ বর্ষের হিসাবের উপর  বিধিবদ্ধ হিসাব পরীক্ষকের শংসাপত্র পাওয়ার পর৷

xi. 2016-17 বর্ষে প্রদান করা ঋণের উপর কোন অবশিষ্ট দাবি  যা  ওই বছরের মধ্যে পেশ করা হয়নি  সেগুলি আলাদাভাবে  একত্রীভূত করে ' অতিরিক্ত  দাবি' নামাঙ্কিত করে এবং বিধিবদ্ধ হিসাব পরীক্ষকের দ্বারা তার নির্ভুলতা যাচাই করে  সরকারি ও বেসরকারি  ব্যাংকগুলির দ্বারা  নোডাল ব্যাংকের কাছে জমা করতে হবে  সর্বশেষ  জুন 30,2017 তারিখের মধ্যে৷

xii. হিসাব পরীক্ষকের শংসাপত্রের ভিত্তিতে কোন দাবির উপর ভুল ত্রুটির সংশোধন করা হবে পরবর্তী দাবির মীমাংসার সময়ে৷ সেইভাবে সরকারি ও বেসরকারি ব্যাংকগুলিকে এই সংশোধন নোডাল ব্যাংকের পোর্টালে পূরণ করতে হবে৷

II. **II পর্যায়ভুক্ত জেলাগুলির (250 টি জেলা ব্যতিত) জন্য সুদ সহায়তা প্রকল্প**

II পর্যায়ভুক্ত জেলাগুলির জন্য, 250 টি জেলা ব্যতিত অন্য জেলাগুলি নিয়ে গঠিত, মহিলা পরিচালিত সমস্ত ক্ষুদ্র সহায়ক গোষ্ঠীগুলি DAY- NRLM –এর অধীনে 7% সুদের হারে ঋণ সুবিধা পাওয়ার ক্ষেত্রে আর্থিক সুদ সহায়তা পাওয়ার যোগ্য হবে। এই আর্থিক সাহায্য প্রকল্পের খরচ DAY-NRLM-এর অন্তর্গত বন্টন  থেকে রাজ্য গ্রামীণ  জীবিকা মিশনগুলি (S.R.L.Ms) –কে  দেওয়া. II পর্যায়ভুক্ত জেলাতে ব্যাংকগুলি ক্ষুদ্র সহায়ক গোষ্ঠীগুলির ক্ষেত্রে  ক্ষেত্রবিশেষে প্রযোজ্য ঋণ নীতি অনুযায়ী সুদ গ্রহণ করবে  এবং প্রযুক্ত সুদের হার এবং 7% এর পার্থক্য  সর্বাধিক 5.5% পর্যন্ত ( আর্থিক বর্ষ 16-17-এর জন্য) সুদ সহায়তা হিসাবে S.R.L.M জমা করবে  SHG অ্যাকাউন্টগুলিতে৷  উপরোক্ত বিষয়ে  II পর্যায়ভুক্ত জেলাগুলির জন্য প্রকল্পটির 2016-17 বর্ষের প্রধান বৈশিষ্ট্য  এবং কার্যকরি নির্দেশিকা নিম্নরূপ:

**(A) ব্যাংকগুলির ভূমিকা :**

যে সমস্ত ব্যাংক মূল ব্যাংকিং সমাধান ব্যবস্থার ( কোর ব্যাংকিং সলিউসানস- CBS)  মাধ্যমে কাজ করছে  তাদের  সমস্ত জেলার SHGগুলিতে প্রদত্ত

ঋণ এবং অপরিশোধিত ঋণের বিশদ MoRD প্রস্তাবিত নির্দিষ্ট ফরমাতে সরাসরি CBS থেকে গ্রামীণ বিকাশ মন্ত্রকে (FTP মারফত) এবং SRLMগুলিকে পাঠাতে হবে। এই তথ্য প্রতি মাসে পাঠাতে হবে যার ভিত্তিতে SHGগুলিকে প্রদেয় সুদ সহায়তার নির্ণয় করতে এবং প্রদান করতে সুবিধা হয়।

**(B) রাজ্য সরকারগুলির ভূমিকা :**

i. মহিলা পরিচালিত সমস্ত ক্ষুদ্র সহায়ক গোষ্ঠীগুলি DAY- NRLM –এর অধীনে ক্ষুদ্র সহায়ক গোষ্ঠী হিসাবে স্বীকৃত হবে এবং বার্ষিক 7% হারে Rs.3 লক্ষ টাকা পর্যন্ত প্রদেয় ঋণের জন্য তৎপরভাবে ঋণ পরিশোধের ক্ষেত্রে আর্থিক সুদ সহায়তা পাওয়ার জন্য যোগ্য বিবেচিত হবে৷

ii. প্রকল্পটি কার্যকর হবে রাজ্য গ্রামীণ জীবিকা মিশনগুলির (SRLMs) দ্বারা ৷SRLMগুলি সেইসব উপযুক্ত SHGগুলিকে আর্থিক সুদ সহায়তা প্রদান করবে যারা বাণিজ্যিক এবং সমবায় ব্যাংক থেকে ঋণ নিয়েছে৷ভারত সরকারের নীতি অনুসারে এই আর্থিক সহায়তার খরচ বহন করা হবে কেন্দ্রীয় বন্টন এবং রাজ্যগুলির অংশপ্রদানের অর্থ থেকে৷

iii. ক্ষুদ্র সহায়ক গোষ্ঠীগুলি 2016-17 বর্ষের জন্য, ব্যাংকগুলির ঋণপ্রদানের জন্য ধার্য করা সুদের হার এবং 7% এর পার্থক্যের সমতুল আর্থিক সহায়তা পাবে SRLMগুলি থেকে সরাসরি মাসিক/ ত্রৈমাসিক ভিত্তিতে যার সর্বাধিক সীমা হবে 5.5%৷যে SHGগুলি তৎপরভাবে ঋণের টাকা পরিশোধ করেছে সেই ঋণ অ্যাকাউন্টগুলিতে আর্থিক সহায়তার টাকা SRLM দ্বারা ই-ট্রান্সফারের মাধ্যমে পাঠানো হবে৷

iv. আর্থিক সুদ সহায়তা পাওয়ার ক্ষেত্রে , কোন অ্যাকাউন্টকে তৎপর ঋণপরিশোধকারী বলে গণ্য করা হবে যদি সেটি ভারতীয় রিজার্ভ ব্যাংক ( আর বি আই) নির্ধারিত নিম্নলিখিত শর্তগুলি পূরণ করে:

a. নগদ ঋণের জন্য সীমা:

1. অপরিশোধিত ঋণের পরিমাণ ঋণ সীমার / ঋণ গ্রহণযোগ্যতার উর্দ্ধে থাকবে না উপর্যুপরি 30 দিনের বেশী সময়ের জন্য৷

2. অ্যাকাউন্ট-এ নিয়মিতভাবে টাকা জমা করা এবং টাকা তোলার নির্দশন থাকতে হবে৷ প্রতিমাসে অন্তত একটি প্রোৎ-সাহিত গ্রাহক ঋণের নির্দশন থাকতে হবে।

3. প্রোৎ-সাহিত গ্রাহক ঋণের পরিমাণ ঐ মাসের দেয় (সুদবাবদ কেটে নেওয়া) সুদের পরিমাণের সমতুল হতে হবে৷.

b. মেয়াদী ঋণের জন্য : একটি মেয়াদী ঋণ অ্যাকাউন্ট যার সমস্ত সুদপ্রদান এবং/অথবা মূল ঋণের কিস্তি ঋণ থাকাকালীন সময়ে নির্ধারিত সময়ের 30 দিনের মধ্যে শোধ করা হয়েছে সেই অ্যাকাউন্টকে তৎপর ভাবে ঋণপরিশোধকারী অ্যাকাউন্ট হিসাবে গণ্য করা হবে।

এই বিষয়ে তৎপর ভাবে ঋণপরিশোধকারী সংক্রান্ত নির্দেশিকা ভবিষ্যতেও আর বি আই নির্দেশিকা দ্বারা পরিচালিত হতে থাকবে৷

v. মহিলা পরিচালিত ক্ষুদ্র সহায়ক গোষ্ঠী সমূহ যেগুলি স্বর্ণ জয়ন্তী গ্রাম স্বরোজগার যোজনার অধীনে তাদের বিদ্যমান ঋণের উপর মূলধনী ভর্তুকি পেয়েছে তারা এই প্রকল্পের অন্তর্গত আর্থিক সুদ সহায়তা পাওয়ার যোগ্য হবে না

vi. SRLMগুলিকে একটি ত্রৈমাসিক সদ্ব্যবহার বিবরণী জমা করতে হবে যাতে উল্লেখ করতে হবে কি পরিমাণ অর্থ, আর্থিক সহায়তা হিসাবে উপযুক্ত ক্ষুদ্র সহায়ক গোষ্ঠীগুলির অ্যাকাউন্টে জমা করা হয়েছে৷

III. যে রাজ্যগুলির রাজ্যভিত্তিক আর্থিক সুদ সহায়তা প্রকল্প আছে তাদের নির্দেশিকাগুলির সঙ্গে কেন্দ্রীয় প্রকল্পের সমন্বয় সাধন করতে বলা হচ্ছে।

সংলগ্নক I

7% হারে ঋণের উপর আর্থিক সুদ সহায়তা এবং তৎপরভাবে পরিশোধের জন্য 3% অতিরিক্ত আর্থিক সুদ সহায়তার জন্য মনোনীত 250টি জেলার সারণী

| ক্রমিক সং. | রাজ্য | ক্রমিক সং. | জেলার নাম |
|---|---|---|---|
| 1 | অন্ধ্র প্রদেশ | 1 | গুন্টুর |
| | | 2 | কৃষ্ণা |
| | | 3 | শ্রীকাকুলাম |
| | | 4 | ইষ্ট (পূর্ব) গোদাবরী |
| | | 5 | বিজয়নাগ্রাম |
| | | 6 | বিশাখাপট্টনম |
| 2 | অরুণাচল প্রদেশ | 1 | ইষ্ট(পূর্ব) সিয়াং |
| | | 2 | ইষ্ট(পূর্ব)কামেঙ্গ |
| | | 3 | পাপুম্পারে |
| | | 4 | লোহিত |
| 3 | অসম | 1 | চিরাঙ্গ |
| | | 2 | কার্বি আঙ্গলঙ্গ |
| | | 3 | শোণিতপুর |
| | | 4 | তিনসুকিয়া |
| | | 5 | হাইলাকান্দি |
| | | 6 | ধেমেজি |
| | | 7 | জোরহাট |
| | | 8 | নওগাঁও |
| 4 | বিহার | 1 | সহর্ষ |
| | | 2 | সুপাউল |
| | | 3 | মাধেপুরা |
| | | 4 | নালান্দা |
| | | 5 | খাগরিয়া |
| | | 6 | ইষ্ট(পূর্ব) চম্পারণ ( মোতিহারী) |
| | | 7 | আরওয়াল |
| | | 8 | ঔরঙ্গাবাদ |
| | | 9 | গয়া |
| | | 10 | জামুই |
| | | 11 | জেহানাবাদ |
| | | 12 | কাইমুর |
| | | 13 | মুঙ্গের |
| | | 14 | নাওয়াদা |
| | | 15 | রোহতাস |
| | | 16 | পশ্চিম চম্পারণ |
| | | 17 | সীতারামহী |
| 5 | ছত্তিশগড় | 1 | বলরামপুর |
| | | 2 | সূরজপুর |
| | | 3 | সুকমা |
| | | 4 | কোন্দাগাঁও |
| | | 5 | গড়িয়াবান্দ |
| | | 6 | বলোদা বাজার |
| | | 7 | ধামতরী |
| | | 8 | রাইগড় |

| | | | |
|---|---|---|---|
| | | 9 | বাস্তার |
| | | 10 | বিজাপুর |
| | | 11 | দন্তেওয়াড়া |
| | | 12 | যশপুর |
| | | 13 | কাঙ্কের |
| | | 14 | কায়োর্দা |
| | | 15 | কোরিয়া |
| | | 16 | নারায়ণপুর |
| | | 17 | রাজনন্দগাঁও |
| | | 18 | সরগুজা |
| 6 | গুজরাট | 1 | ছোটাওদেপুর |
| | | 2 | মহীসাগর |
| | | 3 | মেহসানা |
| | | 4 | জুনাগড় |
| | | 5 | ভাদোদারা |
| | | 6 | বনস্কান্থা |
| | | 7 | পাঞ্চমহল |
| 7 | ঝাড়খন্ড | 1 | পাকূড় |
| | | 2 | দুমকা |
| | | 3 | গোড্ডা |
| | | 4 | বোকারো |
| | | 5 | চাতরা |
| | | 6 | গাড়োয়া |
| | | 7 | গিড়িড |
| | | 8 | গুমলা |
| | | 9 | হাজারীবাগ |
| | | 10 | খুন্তি |
| | | 11 | কোডারমা |
| | | 12 | লাতেহার (উ:) |
| | | 13 | লোহারডাগা |
| | | 14 | পশ্চিম সিংভূম |
| | | 15 | পালামৌ |
| | | 16 | পূর্বী সিংভূম |
| | | 17 | রামগড় |
| | | 18 | রাঁচি ( গ্রামীণ) |
| | | 19 | সরাইকেলা (উ:) |
| | | 20 | সিমডেগা (উ:) |
| 8 | কর্ণাটক | 1 | বিজাপুর |
| | | 2 | চামরাজনগর |
| | | 3 | চিত্রদূর্গা |
| | | 4 | গুলবর্গা |
| | | 5 | মাইশোর |
| | | 6 | টামকুর |
| | | 7 | গাদাগ |
| | | 8 | কোপ্পাল |
| 9 | মধ্যপ্রদেশ | 1 | সাগের |
| | | 2 | দামোহ |
| | | 3 | টিকমগড় |
| | | 4 | পান্না |
| | | 5 | চাহাটাপুর |
| | | 6 | ঝাবুয়া |

| | | | |
|---|---|---|---|
| | | 7 | ধার |
| | | 8 | অনুপুর |
| | | 9 | বালাঘাট |
| | | 10 | দিনদোরী |
| | | 11 | মাণ্ডালা |
| | | 12 | শেওনী |
| | | 13 | শাওডোল |
| | | 14 | সিধি |
| | | 15 | উমারিয়া |
| | | 16 | ছিন্দওয়াড়া |
| | | 17 | সিংগ্রাউলী |
| | | 18 | বাদোয়ানী |
| | | 19 | শেওপুর |
| | | 20 | আলিরাজপুর |
| 10 | মহারাষ্ট্র | 1 | শোলাপুর |
| | | 2 | রত্নগিরি |
| | | 3 | থানে |
| | | 4 | ওয়ার্দা |
| | | 5 | বীড |
| | | 6 | সিন্ধুরদূর্গ |
| | | 7 | চন্দ্রপুর |
| | | 8 | গাডচিরোলী |
| | | 9 | গোন্ডিয়া |
| | | 10 | জালনা |
| | | 11 | ওসমানাবাদ |
| | | 12 | নান্দুরবাদ |
| | | 13 | ইয়াভাটমল |
| 11 | ওডিষা | 1 | আঙুল |
| | | 2 | ভদ্রক |
| | | 3 | বালাসোর |
| | | 4 | কটক |
| | | 5 | বলাঙ্গীর |
| | | 6 | দেবাগড় |
| | | 7 | গজপতি |
| | | 8 | গঞ্জাম |
| | | 9 | জয়পুর |
| | | 10 | কালাহান্ডী |
| | | 11 | কান্ধামল |
| | | 12 | কেন্দুঝড় |
| | | 13 | কোরাপুট |
| | | 14 | মালকানগিরি |
| | | 15 | ময়ূরভঞ্জ |
| | | 16 | নবরাঙ্গপুর |
| | | 17 | নয়াগড় |
| | | 18 | নুয়াপাদা |
| | | 19 | রায়াগাদা |
| | | 20 | সম্বলপুর |
| | | 21 | সোনাপুর |
| | | 22 | সুন্দরগড় |
| 12 | রাজস্থান | 1 | দুঙ্গারপুর |
| | | 2 | বাঁশওয়াড়া |

| | | | |
|---|---|---|---|
| | | 3 | ঢোলপুর |
| | | 4 | ঝালাওয়াড় |
| | | 5 | বারণ |
| | | 6 | আজমেঢ় |
| | | 7 | আলোয়ার |
| | | 8 | দৌসা |
| | | 9 | উদয়পুর |
| 13 | তামিলনাড়ু | 1 | কুড্ডালোর |
| | | 2 | নাগাপট্টীনাম |
| | | 3 | থাঞ্জোরে |
| | | 4 | ত্রিচী |
| | | 5 | দিন্দুগাল |
| | | 6 | ভিলুপুরম |
| | | 7 | ভেল্লোর |
| | | 8 | থিরুভান্নামালাই |
| | | 9 | ধর্মপূরী |
| 14 | উত্তরপ্রদেশ | 1 | আগ্রা |
| | | 2 | আলিগড় |
| | | 3 | অউরাইয়া |
| | | 4 | বস্তি |
| | | 5 | বিজনোর |
| | | 6 | লাখিমপুর খেরি |
| | | 7 | উন্নাও |
| | | 8 | বারাণসী |
| | | 9 | বরাবাঁকি |
| | | 10 | গোরখপুর |
| | | 11 | লক্ষৌ |
| | | 12 | চন্দউলি |
| | | 13 | মির্জাপুর |
| | | 14 | শোনভদ্র |
| | | 15 | বাদাউন |
| | | 16 | হরদই |
| | | 17 | ইটাওয়া |
| | | 18 | আজমগড় |
| | | 19 | এলাহাবাদ |
| | | 20 | আম্বেডকরনগর |
| | | 21 | বহরইচ |
| | | 22 | দেওরিয়া |
| | | 23 | ঝালাউন |
| | | 24 | হামিরপুর |
| | | 25 | বান্দা |
| 15 | পশ্চিমবঙ্গ | 1 | আলিপুরদুয়ার |
| | | 2 | পূর্ব মেদিনীপুর |
| | | 3 | দক্ষিণ 24 পরগণা |
| | | 4 | বাঁকুড়া |
| | | 5 | মেদিনীপুর পশ্চিম |
| | | 6 | কুচবিহার |
| | | 7 | বীরভূম |
| | | 8 | পুরুলিয়া |

| | | | |
|---|---|---|---|
| 16 | তেলেঙ্গানা | 1 | মহাবুবনগর |
| | | 2 | আদিলাবাদ |
| | | 3 | ওয়ারাঙ্গেল |
| | | 4 | খাম্মাম |
| | | 5 | করিমনগর |
| 17 | কেরালা | 1 | ইডুক্কি |
| | | 2 | ভায়ানডু |
| | | 3 | পাল্লাক্কাড |
| | | 4 | মাল্লাপুরম |
| 18 | হরিয়ানা | 1 | মহেন্দেরাগড় |
| | | 2 | কার্ণাল |
| | | 3 | জিন্দ |
| | | 4 | মেওয়াট |
| | | 5 | ভিওয়ানি |
| | | 6 | ঝজ্জর |
| 19 | হিমাচল প্রদেশ | 1 | কাংড়া |
| | | 2 | উণা |
| | | 3 | সিমলা |
| | | 4 | মান্ডী |
| 20 | জম্মু ও কাশ্মীর | 1 | কূপওয়াড়া |
| | | 2 | পূঞ্চ |
| | | 3 | কিস্টওয়াড় |
| | | 4 | গান্দেরবল |
| | | 5 | বুদগাম |
| | | 6 | উধমপুর |
| 21 | পঞ্জাব | 1 | পাতিয়ালা |
| | | 2 | সাঙ্গরুর |
| | | 3 | ভাতিন্ডা |
| | | 4 | তরণ তারণ |
| | | 5 | গুরদাসপুর |
| | | 6 | ফিরোজপুর |
| 22 | উত্তরাখণ্ড | 1 | পিথোরাগড় |
| | | 2 | পোহরি গাড়োয়াল |
| | | 3 | চামোলী |
| | | 4 | বাগেশ্বর |
| 23 | মণিপুর | 1 | চান্দেল |
| | | 2 | ইম্ফল ইষ্ট ( পূর্ব) |
| 24 | মেঘালয় | 1 | ওয়েষ্ট (পশ্চিম) গারো হিলস |
| | | 2 | সাউথ ওয়েষ্ট ( দক্ষিণ পশ্চিম) খাসি হিলস |
| | | 3 | ওয়েষ্ট (পশ্চিম) খাসি হিলস |
| 25 | মিজোরাম | 1 | সারছিপ |
| | | 2 | আইজল |
| | | 3 | লুংলেই |
| 26 | নাগাল্যান্ড | 1 | কিফেরী |
| | | 2 | লঙ্গলেঙ্গ |
| | | 3 | পেরেণ |
| | | 4 | তুয়েংসাঙ্গ |
| | | 5 | মন |

| | | | |
|---|---|---|---|
| 27 | ত্রিপুরা | 1 | ঢালাই |
| | | 2 | ওয়েষ্ট ( পশ্চিম) ত্রিপুরা |
| | | 3 | নর্থ ( উত্তর) ত্রিপুরা |
| 28 | পুদুচেরি | 1 | পুদুচেরি |
| 29 | আন্দামান ও নিকোবর দীপপুঞ্জ | 1 | নর্থ( উত্তর) ও মিডল (মধ্য) আন্দামান জেলা |
| 30 | সিকিম | 1 | সাউথ ( দক্ষিণ) সিকিম |
| | | 2 | ইষ্ট ( পূর্ব) সিকিম |
| 31 | গোয়া | 1 | নর্থ (উত্তর) গোয়া |

2016-17 বর্ষের জন্য **সরকারি ও বেসরকারি** ব্যাংকগুলির বিভেদযুক্ত গড় সুদের আদায়যোগ্য হার

| **2016-17 বর্ষের জন্য PSB ( সরকারী ব্যাংক) গুলির ক্ষেত্রে প্রযোজ্য WAIC (বিভেদযুক্ত গড় সুদের আদায়যোগ্য হার)** | | | |
|---|---|---|---|
| **ক্র. সং.** | **ব্যাংকের নাম** | **বিভেদযুক্ত গড় সুদের আদায়কৃত হার** | **7%হারের উর্দ্ধে আদায়কৃত বিভেদযুক্ত গড় সুদের উপর আর্থিক সুদ সহায়তার হার ( সর্বাধিক 5.5% সীমা পর্যন্ত)** |
| 1 | এলাহাবাদ ব্যাংক | 10.52 | 3.52 |
| 2 | অন্ধ্র ব্যাংক | 12.5 | 5.50 |
| 3 | ব্যাংক অফ বরোদা | 9.65 | 2.65 |
| 4 | ব্যাংক অফ ইন্ডিয়া | 13.27 | 5.50 |
| 5 | ব্যাংক অফ মহারাষ্ট্র | 11.2 | 4.20 |
| 6 | কানাড়া ব্যাংক | 11.15 | 4.15 |
| 7 | সেন্ট্রাল ব্যাংক অফ ইন্ডিয়া | 10.5 | 3.50 |
| 8 | কর্পোরেশন ব্যাংক | 11.65 | 4.65 |
| 9 | দেনা ব্যাংক | 11.09 | 4.09 |
| 10 | ইন্ডিয়ান ব্যাংক | 11.95 | 4.95 |
| 11 | ইন্ডিয়ান ওভারসীজ ব্যাংক | 10.81 | 3.81 |
| 12 | ওরিয়েন্টাল ব্যাংক অফ কমার্স | 11.45 | 4.45 |
| 13 | পঞ্জাব ন্যাশনাল ব্যাংক | 11.5 | 4.50 |
| 14 | পঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাংক | 11.62 | 4.62 |
| 15 | স্টেট ব্যাংক অফ বিকানির অ্যান্ড জয়পুর | 12.73 | 5.5 |
| 16 | স্টেট ব্যাংক অফ হায়দ্রাবাদ | 12.05 | 5.05 |
| 17 | স্টেট ব্যাংক অফ ইন্ডিয়া | 12.25 | 5.25 |
| 18 | স্টেট ব্যাংক অফ মাইশোর | 10.6 | 3.60 |
| 19 | স্টেট ব্যাংক অফ পাতিয়ালা | 10.78 | 3.78 |
| 20 | স্টেট ব্যাংক অফ ট্রাভাংকোর | 11.49 | 4.49 |
| 21 | সিন্ডিকেট ব্যাংক | 11.15 | 4.15 |
| 22 | ইউকো ব্যাংক | 10.7 | 3.70 |
| 23 | ইউনিয়ন ব্যাংক | 10 | 3.00 |
| 24 | ইউনাইটেড ব্যাংক অফ ইন্ডিয়া | 11.47 | 4.47 |
| 25 | বিজয়া ব্যাংক | 13.93 | 5.50 |
| 26 | আইডিবিআই | 11.5 | 4.50 |
| 27 | ভারতীয় মহিলা ব্যাংক | 11.7 | 4.7 |

| 2016-17 বর্ষের জন্য PSB ( সরকারী ব্যাংক) গুলির ক্ষেত্রে প্রযোজ্য WAIC (বিভেদযুক্ত গড় সুদের আদায়যোগ্য হার) | | | |
|---|---|---|---|
| **ক্র. সং.** | **ব্যাংকের নাম** | **বিভেদযুক্ত গড় সুদের আদায়কৃত হার** | **7%হারের উর্দ্ধে আদায়কৃত বিভেদযুক্ত গড় সুদের উপর আর্থিক সুদ সহায়তার হার ( সর্বাধিক 5.5% সীমা পর্যন্ত)** |
| 1 | দি কারুর বৈশ্য ব্যাংক | 10.67 | 3.67 |
| 2 | কোটক মাহীন্দ্র | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় |
| 3 | ধন লক্ষ্মী | 12.50 | 5.50 |
| 4 | তামিলনাড়ু মার্কেন্টাইল ব্যাংক | 12.65 | 5.50 |
| 5 | ইয়েস ব্যাংক | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় |
| 6 | ইন্ডাস ইন্ড ব্যাংক | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় |
| 7 | অ্যাক্সিস ব্যাংক | 12.48 | 5.48 |
| 8 | এইচ ডি এফ সি | 15.25 | 5.50 |
| 9 | আই সি আই সি আই ব্যাংক | 14.35 | 5.50 |
| 10 | লক্ষ্মী বিলাস ব্যাংক | 12.45 | 5.45 |
| 11 | জে অ্যান্ড কে | 12.50 | 5.50 |
| 12 | সিটি ইউনিয়ন ব্যাংক | 11.07 | 4.07 |
| 13 | কর্ণাটক ব্যাংক লিমিটেড | 11.50 | 4.50 |
| 14 | ডিসিবি ব্যাংক | 26.00 | 5.50 |
| 15 | আরবিএল ব্যাংক | 18.00 | 5.50 |

**মহিলা পরিচালিত ক্ষুদ্র সহায়ক গোষ্ঠী সমূহের 2016-17 বর্ষের জন্য 7% হারে সর্বাধিক 3 লক্ষ টাকা ঋণের ক্ষেত্রে আর্থিক সুদ সহায়তা প্রাপ্তির জন্য দাবিপত্র**

**ব্যাংকের নাম :**

**3 লক্ষ টাকা পর্যন্ত প্রদত্ত ঋণ/ অপরিশোধিত ঋণের জন্য সময়কাল _____________ থেকে _____________ পর্যন্ত দাবির বিবরণী**

| নতুন খোলা ঋণ অ্যাকাউন্ট সময়কাল __________ থেকে ____________ পর্যন্ত | | অপরিশোধিত ঋণ (এই দিনে) _______________ ( পূর্ববর্তী সময়ের শেষ পর্যন্ত) | | সর্বোমোট অপরিশোধিত ঋণ (এই দিনে)_________________ | | আর্থিক সুদ সহায়তার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|
| অ্যাকাউন্ট-এর সংখ্যা | পরিমাণ | অ্যাকাউন্ট-এর সংখ্যা | পরিমাণ | অ্যাকাউন্ট-এর সংখ্যা | পরিমাণ | পরিমাণ |
| | | | | | | |

আমরা এই মর্মে বিবৃতি দিচ্ছি যে **মহিলা পরিচালিত ক্ষুদ্র সহায়ক গোষ্ঠী সমূহকে** 2016-17 বর্ষের জন্য উপরোক্ত **প্রদত্ত ঋণ/ অপরিশোধিত ঋণের** ক্ষেত্রে 7% হারে সুদ আরোপ করা হয়েছিল। **আমরা বিবৃতি দিচ্ছি যে দাবিকৃত উপরোক্ত অর্থ এবং অ্যাকাউন্টগুলি শুধুমাত্র I পর্যায়ভুক্ত( category-I) জেলাগুলির অন্তর্ভূক্ত এবং আর বি আই নির্দেশিকা অনুসারে অ্যাকাউন্টগুলি আর্থিক সুদ সহায়তার পাওয়ার জন্য উপযুক্ত। আমরা আরও বিবৃত করছি যে এই দাবিপত্রে একই অ্যাকাউন্ট-এর জন্য একাধিক দাবি করা হয় নি এবং নিয়মিত দাবি পত্র জমা করার সময় বা অতিরিক্ত আর্থিক সুদ সহায়তা দাবি করার সময় ব্যাংক শাখা থেকে পরবর্তী সময়ে ন্যূনতম ব্যক্তি মধ্যস্থতা করা হয়েছে।**

**দিনাঙ্ক**

**অনুমোদিত সাক্ষরকারী**

( এই দাবিপত্রের ফর্মা, এই বছরের জন্য একত্রীভূত , বিধিবদ্ধ হিসাব পরীক্ষকের দ্বারা পরীক্ষিত হতে হবে এবং মার্চ 31 তারিখে শেষ হওয়া ত্রৈমাসিক সময়ের দাবির সঙ্গে একত্রে জমা করতে হবে পরবর্তী আর্থিক বছরের জুন 30 তারিখের মধ্যে)

সংলগ্নক-IV

**সর্বাধিক 3 লক্ষ টাকা ঋণের ক্ষেত্রে 2016-17 বর্ষের জন্য তৎপরভাবে ঋণ পরিশোধের ক্ষেত্রে 3% হারে অতিরিক্ত আর্থিক সুদ সহায়তা**

**ব্যাংকের নাম :**

**3 লক্ষ টাকা পর্যন্ত প্রদত্ত ঋণ/ অপরিশোধিত ঋণের জন্য সময়কাল _____________ থেকে _____________ পর্যন্ত দাবির বিবরণী**

| নতুন খোলা ঋণ অ্যাকাউন্ট সময়কাল __________ থেকে ____________ পর্যন্ত | | অপরিশোধিত ঋণ (এই দিনে) _______________ ( পূর্ববর্তী সময়ের শেষ পর্যন্ত) | | সর্বোমোট অপরিশোধিত ঋণ (এই দিনে)_________________ | | আর্থিক সুদ সহায়তার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|
| অ্যাকাউন্ট-এর সংখ্যা | পরিমাণ | অ্যাকাউন্ট-এর সংখ্যা | পরিমাণ | অ্যাকাউন্ট-এর সংখ্যা | পরিমাণ | পরিমাণ |
| | | | | | | |

আমরা বিবৃতি দিচ্ছি যে উপরোক্ত ঋণ নির্ধারিত সময় অনুযায়ী পরিশোধিত হয়েছিল এবং **মহিলা পরিচালিত ক্ষুদ্র সহায়ক গোষ্ঠী সমূহের অ্যাকাউন্ট-এ 3% হারে অতিরিক্ত আর্থিক সুদ সহায়তা প্রদান করা হয়েছে , ফলে মহিলা পরিচালিত ক্ষুদ্র সহায়ক গোষ্ঠী সমূহের তৎপরভাবে ঋণ পরিশোধের জন্য প্রদেয় সুদের বাস্তবিক হার কমে 4% হয়েছে। নিয়মিত দাবি পত্র জমা করার সময় বা অতিরিক্ত আর্থিক সুদ সহায়তা দাবি করার সময় ব্যাংক শাখা থেকে পরবর্তী সময়ে ন্যূনতম ব্যক্তি মধ্যস্থতা করা হয়েছে।**

**দিনাঙ্ক**

**অনুমোদিত সাক্ষরকারী**

( এই দাবিপত্রের ফর্মা, এই বছরের জন্য একত্রীভূত , বিধিবদ্ধ হিসাব পরীক্ষকের দ্বারা পরীক্ষিত হতে হবে এবং মার্চ 31 তারিখে শেষ হওয়া ত্রৈমাসিক সময়ের দাবির সঙ্গে একত্রে জমা করতে হবে পরবর্তী আর্থিক বছরের জুন 30 তারিখের মধ্যে)

**সংলগ্নক-V**

**2016-17 বর্ষের দীনদয়াল অন্ত্যোদয় যোজনা - জাতীয় গ্রামীণ জীবিকা মিশন-এর উপর** চূড়ান্ত শংসাপত্র যা জারি করতে হবে সদস্য ব্যাংকগুলিকে

( সংখ্যা এবং অর্থের পরিমাণ প্রকৃত)

**ব্যাংকের নাম :**

কানাড়া ব্যাংকের ওয়েব পোর্টালে পূরণ করা এই দিন পর্যন্ত দীনদয়াল অন্ত্যোদয় যোজনা - জাতীয় গ্রামীণ জীবিকা মিশন-এর অন্তর্গত দাবি: 2017 সালের মার্চ মাসের জন্য

| নিয়মিত দাবি | | অতিরিক্ত দাবি | | সম্পূর্ণ দাবি | |
|---|---|---|---|---|---|
| **অ্যাকাউন্ট-এর সংখ্যা** | **পরিমাণ** | **অ্যাকাউন্ট-এর সংখ্যা** | **পরিমাণ** | **অ্যাকাউন্ট-এর সংখ্যা** | **পরিমাণ** |
| | | | | | |

**আমরা বিবৃতি দিচ্ছি যে দাবিকৃত উপরোক্ত অর্থ এবং অ্যাকাউন্টগুলি শুধুমাত্র I পর্যায়ভুক্ত( category-I) জেলাগুলির অন্তর্ভূক্ত এবং আর বি আই নির্দেশিকা অনুসারে অ্যাকাউন্টগুলি আর্থিক সুদ সহায়তার পাওয়ার জন্য উপযুক্ত। আমরা আরও বিবৃত করছি যে এই দাবিপত্রে একই অ্যাকাউন্ট-এর জন্য একাধিক দাবি করা হয় নি এবং নিয়মিত দাবি পত্র জমা করার সময় বা অতিরিক্ত আর্থিক সুদ সহায়তা দাবি করার সময় ব্যাংক শাখা থেকে পরবর্তী সময়ে ন্যূনতম ব্যক্তি মধ্যস্থতা করা হয়েছে।**

**দিনাঙ্ক**

**অনুমোদিত সাক্ষরকারী**

**2016-17 বর্ষের দীনদয়াল অন্ত্যোদয় যোজনা - জাতীয় গ্রামীণ জীবিকা মিশন-এর অন্তর্গত আর্থিক সুদ সহায়তা সম্পর্কিত চূড়ান্ত শংসাপত্র যা জারি করতে হবে বেসরকারি ব্যাংকগুলিকে**

**ব্যাংকের নাম :**

2017 সালের মার্চ মাস পর্যন্ত কানাড়া ব্যাংকের ওয়েব পোর্টালে পূরণ করা দাবির বিশদ বিবরণ

**দিনাঙ্ক**

**অনুমোদিত সাক্ষরকারী**